



# ওয়ালটন ট্যামারিন্ড ল্যাপটপ ল্যাপটপ রাজ্যে বাঘা তেঁতুল

ইমদাদুল হক

পেশাজীবনে ব্যবসায় ও দাফতরিক কাজের চাপ সামাল দিতে দেশের প্রযুক্তি অঙ্গনে আত্মপ্রকাশ করেছে ট্যামারিন্ড সিরিজের ল্যাপটপ। রাজ্যের কাজের বোঝা বহন করতে সক্ষম ষষ্ঠ প্রজন্মের ল্যাপটপ মিলছে ৯টি ভিন্ন স্পেকে। বাঘা তেঁতুলের মতো এর কাঠামো নকশাটা যেমন মসৃণ, তেমনি শক্তপোক্ত ও জৌলুসময়। কোনোটি ধূসর আকাশের মতো, কোনোটি আবার ইলিশ রূপালি।

তেঁতুলের গুণে মেদহীন ওয়ালটন ট্যামারিন্ড ল্যাপটপগুলো শুধু গড়নে হালকা-পাতলা নয়, রক্তচাপ কমানো কিংবা ক্ষত পূরণের মতো ইন্টেল কোরআই প্রসেসর ও পর্যাপ্ত র‍্যাম জুড়ে দেয়ায় আল্ট্রা লো পাওয়ারের সর্বোচ্চ রুক্রম্পিডে সচল থাকে। সহজে গরম হয় না। ল্যাপটপগুলোতে ব্যবহার করা হয়েছে ২.৩ গিগাহার্টজ গতির কোরআই৩ থেকে ২.৭ গিগাহার্টজ গতির কোরআই৭ প্রসেসর এবং ৪ জিবি থেকে ৮ জিবি



পর্যাপ্ত র‍্যাম। আর ল্যাপটপগুলোর পর্দার আকার ১৪ ও ১৫.৬ ইঞ্চির হয়ে থাকে।

এর মধ্যে ডব্লিউটি১৫৬ ইউএলজি মডেলের ল্যাপটপে রয়েছে ১ টেরাবাইট হার্ডডিস্ক, ৮ জিবি র‍্যাম ও কোরআই৭ প্রসেসর। এর ১৫.৬ ইঞ্চি

প্রশস্ত এইচডি গ্লোয়ার এলসিডি ডিসপ্লেতে দাফতরিক গ্রাফিক্সের কাজের পাশাপাশি ভিডিও ডকুমেন্টেশনও তৈরি করা যায় সহজেই। উচ্চ রেজুলেশনের ভিডিও ক্যাম যুক্ত থাকায় দাফতরিক কাজে ভিডিও কনফারেন্সিংয়ে সংযুক্ত থাকা যায়

## ওয়ালটন গেমিং ল্যাপটপ

ওয়ালটন জাম্বু ও কেরোভা সিরিজের ল্যাপটপের বিশেষ ফিচার হচ্ছে ষষ্ঠ প্রজন্মের ইন্টেল কোরআই৭ প্রসেসর, ৮ জিবি ডিডিআর৪ আল্ট্রা গতির র‍্যাম ও ১ টেরাবাইট সমৃদ্ধ হার্ডডিস্ক মেমরি, যা ব্যবহারকারীকে দেবে অসাধারণ দ্রুতগতিতে কাজ করার অনুভূতি। এ ছাড়া এই সিরিজের ল্যাপটপগুলোতে যেকোনো ধরনের আঁচড় বা আঘাতের দাগ থেকে রক্ষা করতে ব্যবহার করা হয়েছে স্ক্র্যাচ প্রুফ রাবার কোটেড। গেমপ্রেমীদের জন্য ওয়ালটন জাম্বু ও কেরোভা সিরিজের ল্যাপটপে থাকছে এনভিআইডিআইএ জিইফোর্সের জিটিএক্স ৯৬০এম গ্রাফিক্স প্রসেসর



ও ২ জিবি ডিডিআর৫ ভি-র‍্যাম। ফলে ল্যাপটপে থ্রিডি ডিজাইনার, সিমুলেশনকারী ও গেমপ্রেমীদের কাছে ডিসপ্লের ছবিগুলো আরও জীবন্ত হয়ে উঠবে। ডিজাইন, গেমিং ও ভিডিওতে পাওয়া যাবে রোমাঞ্চকর অনুভূতি। এ ছাড়া ব্যবহার হয়েছে আইপিএস টেকনোলজির ফুল এইচডি মেট এলসিডি স্ক্রিন। ফলে ব্যবহারকারী ১৭৮ ডিগ্রি অ্যাঙ্গেল থেকেও বাকবকে ছবি দেখতে পাবেন। ল্যাপটপের ২ মেগাপিক্সেলের ফুল এইচডি ক্যামেরা ব্যবহারকারী চাইলেই

তুলতে পারবেন অসাধারণ সেলফি অথবা গ্রুপ ছবি। পাশাপাশি, ভিডিও কলেও পাবেন বাকবকে ছবি। এর আরেকটি বিশেষ দিক হচ্ছে এলইডি ইলুমিনেটেড কিবোর্ড। এতে করে কিবোর্ডের সুইচগুলোতে আলো থাকবে। হালকা আলো অথবা অন্ধকারেও নির্বিঘ্নে গেম খেলতে পারবেন গেমার। এ ছাড়া এই ল্যাপটপগুলোর কী-তে থাকছে বাংলা ফন্ট। যাতে ল্যাপটপেও ব্যবহারকারী বাংলা ফন্ট শেখা বা লেখার কাজটি দ্রুত করতে পারেন। ওয়ালটন জাম্বু ও কেরোভা সিরিজের ল্যাপটপে ব্যবহার করা হয়েছে সিক্স-সেল লিথিয়াম আয়ন ব্যাটারি। একবার ফুল চার্জ করলে একটানা চার ঘণ্টারও বেশি সময় ব্যাকআপ পাবেন ব্যবহারকারী



অন্যায়সে। ল্যাপটপটি এক চার্জে পাঁচ ঘণ্টা পর্যন্ত সচল থাকে।

আর ডব্লিউটি১৪৬ ইউওজি মডেলটি কর্মজীবীদের জন্য এই মুহূর্তে সবচেয়ে বাজেটসাশ্রয়ী ল্যাপটপ। এতে আছে ৫০০ জিবি হার্ডডিস্ক, ৪ জিবি ডিডিআর৩ র‍্যাম ও কোরআই৩ প্রসেসর। সমান্তরাল ফিচার নিয়ে ডব্লিউটি১৪৬ ইউওএস মডেলের ল্যাপটপ মিলবে রূপালি রংয়ে। ডব্লিউটি১৪৬ ইউএলজি মডেলের ধূসর ল্যাপটপে ১ টিবি হার্ডডিস্ক, কোরআই৫ প্রসেসর, ৪ জিবি ডিডিআর৩ র‍্যাম। ডব্লিউটি১৪৬ ইউএএস যথারীতি রূপালি রংয়ের। ডব্লিউটি১৪৬ ইউএলজি কোরআই৭ প্রসেসরনির্ভর। এতে থাকছে ১ টেরাবাইট হার্ডডিস্ক, ৮ জিবি র‍্যাম ও ইন্টেল এইচডি গ্রাফিক্স।

দেশজ ফলের মতো সহজপ্রাপ্য ও সহজলভ্য এই ল্যাপটপগুলো উৎপাদন করছে দেশের অন্যতম প্রযুক্তি ব্র্যান্ড ওয়ালটন। মডেলভেদে ওয়ালটন ট্যামারিন্ড সিরিজের ল্যাপটপগুলোর দাম ২৯ হাজার ৫০০ থেকে ৫৫ হাজার টাকা পর্যন্ত। ল্যাপটপগুলো অনলাইনেও কেনার সুযোগ রয়েছে। আছে কিন্তু সুবিধাও